22 APR 1992
তারিখ 22 APR 1992
পৃষ্ঠা ... কলাম ...
দৈনিক ইনকিলাব

# আজ থেকে নতুন পদ্ধতিতে এসএসসি পরীক্ষা শুরু

॥ ইনকিলাব রিপোর্ট ॥

আজ (বুধবার) থেকে দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে নতুন পদ্ধতিতে এসএসসি পরীক্ষা শুরু হতে যাচ্ছে। প্রতি বিষয়ের মোট নম্বরের অর্ধেক রচনামূলক ও বাকী অর্ধেক নৈর্ব্যক্তিক পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে সাধারণ গণিত ও উচ্চতর গণিতে ১০০ নম্বরই রচনামূলক প্রশ্নে থাকবে।

প্রতিটি বিষয়ের নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর প্রশ্নের মধ্যে দেয় ৪টি উত্তরের মধ্যে যে কোন একটিতে টিক (√) মার্কের সাহায্যে দিতে হবে। টিক মার্ক দেয়ার পর উত্তরটি ভুল মনে হলে পূর্বের টিক মার্কটি ক্রস (×) মার্কের সাহায্যে কেটে দিয়ে নির্ধারিত উত্তরের উপর পুনঃ টিক দিতে হবে।

নৈর্ব্যক্তিক পরীক্ষার জন্যে ৪টি সেটের প্রশ্নের ব্যবস্থা রাখা হবে। পরীক্ষা হলের বেঞ্চের প্রতি সারির প্রত্যেক পরীক্ষার্থীকে ভিন্ন ভিন্ন ক্রমিকের পৃথক পৃথক সেট প্রশ্নের ব্যবস্থা রাখা হয়েছে। পরীক্ষার মোট সময় ৩ ঘন্টার মধ্যে ৫০ নম্বরের নৈর্ব্যক্তিক পরীক্ষার জন্যে সময় দেয়া হবে ৫০ মিনিট। পরবর্তী ৫০ নম্বরের রচনামূলক পরীক্ষার জন্যে নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র সংগ্রহ ও রচনামূলক পরীক্ষার জন্যে উত্তরপত্র প্রদানের জন্যে ১০ মিনিট সময় দেয়া হবে। ৫০ নম্বরের রচনামূলক পরীক্ষার জন্যে সময় দেয়া বাদ বাকী ২ ঘন্টা। তবে যে

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষা শুরু

প্রথম পৃষ্ঠার পর

সব বিষয়ে ব্যবহারিক পরীক্ষার বিধান আছে সে সব বিষয়ের মোট নম্বর ৭৫-এর মধ্যে রচনামূলক অংশের মোট নম্বর থাকবে ৪০ এবং নৈর্ব্যক্তিক অংশের জন্যে থাকবে ৩৫ নম্বর। এক্ষেত্রে সময়ের বিভাজন কিভাবে হবে নৈর্ব্যক্তিক অংশের জন্যে ৩৫ মিনিট রচনামূলকের জন্যে ২ ঘন্টা মাঝে ১০ মিনিট বিরতি। ১০ মিনিট বিরতির সময় কোন পরীক্ষার্থী সিট ছেড়ে বাইরে যেতে পারবে না। এছাড়া কর্মমুখী শিক্ষার নৈর্ব্যক্তিক ২৪ নম্বরের জন্যে ২৪ মিনিট এবং রচনামূলক ২৬ নম্বরের জন্যে ১ ঘন্টা এবং ব্যবহারিক ৫০ নম্বরের জন্যে ২ ঘন্টা সময় নির্ধারণ করা হয়েছে।

এবার ৪টি বোর্ডের অধীনে ৫ লাখ ৩৯ হাজার ৯শ' ৯৯ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্যে পরীক্ষার ফরম পূরণ করেছে। বিশেষ বিবেচনার জন্যে এ সংখ্যা সামান্য বৃদ্ধি পেতে পারে।

৪টি বোর্ডে মোট কেন্দ্রের সংখ্যা ৫শ' ২২টি। ঢাকা বোর্ডে ১৩১টি, রাজশাহী বোর্ডে ১[illegible], কুমিল্লা বোর্ডে ১৯৫টি, যশোর বোর্ডে ১০৫টি এবং বাংলাদেশের বাইরে মোট ৬টি কেন্দ্র রয়েছে।

গত বছরের তুলনায় এবার ঢাকা মহানগরীতে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৭০ হাজার বৃদ্ধি পেয়েছে এবং এর জন্যে পরীক্ষার হলের সংখ্যা বাড়ানো হয়েছে প্রায় ২০টি। পরীক্ষার হল নির্বাচনের সময় এবার যতটা সম্ভব পরীক্ষার্থীদের স্কুলের কাছাকাছি দেয়ার প্রচেষ্টা করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে বলা হয়েছে।

**চার জনের বেশী জমায়েত নিষিদ্ধ**

ঢাকা মহানগর পুলিশ গতকাল এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, আগামীকাল (বুধবার) থেকে ঢাকা মহানগরীতে এসএসসি পরীক্ষা চলাকালীন সময়ে সকল পরীক্ষা কেন্দ্রের ২শ' গজের মধ্যে একত্রে ৪ জনের বেশী লোকের জমায়েত বা চলাফেরা নিষিদ্ধ করেছে। পরীক্ষা চলাকালীন দিনগুলোতে এ নির্দেশ বলবৎ থাকবে।